

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১,সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.dnc.gov.bd

নথি নং- ৫৮.০২.০০০০.০০৮.১৮.০২১(অংশ-১).২০/ ৪ ৪ ৫

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭
০২ জুন, ২০২০খ্রি:

বিষয় : করোনা ভাইরাস এর দেশব্যাপী সংক্রমণ রোধে হ্যান্ড স্যানিটাইজার উৎপাদনের লক্ষ্যে রেস্তিফাইড স্পিরিট/ইথানল, ক্রয়, সংরক্ষণ, ব্যবহার ও পরিবহনের পারমিট(সাময়িক) ইস্যুকরণ প্রসঙ্গে।

সূত্র : দি হিমালয় ড্রাগ কোম্পানী লিমিটেড, জামালপুর এর ০১/০৬/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, “দি হিমালয় ড্রাগ কোম্পানী লিমিটেড” বিসিক শিল্প নগরী, জামালপুর কর্তৃক হ্যান্ড স্যানিটাইজার তৈরী ও বিক্রয়ের লক্ষ্যে সরকার নির্ধারিত মাদকশুল্কসহ সকল মূল্য পরিশোধ সাপেক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান হতে এককালীন ৫,০০০(পাঁচ হাজার) লিটার রেস্তিফাইড স্পিরিট/ইথানল ক্রয়, সংরক্ষণ, ব্যবহার ও পরিবহনের পারমিট সাময়িকভাবে অনুমতি প্রদান করা হলো।

২। উক্ত বরাদ্দকৃত রেস্তিফাইড স্পিরিট/ইথানল এ্যালকোহল এর মাধ্যমে যথাযথ নিরাপত্তা ও রাসায়নিক প্রক্রিয়া অনুসরণ করে হ্যান্ড স্যানিটাইজার উৎপাদন করে ব্যবহার/বিপণন করতে হবে। উৎপাদন, সংরক্ষণ ও বিপণনের বিষয়টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা যথাযথভাবে মনিটরিং করবেন এবং এর প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। উল্লেখ্য যে, এই অনুমোদন এক বারের জন্য প্রযোজ্য হবে।

জনাব টি.আই.এম রহমতে খোদা
একাউন্টস্ ম্যানেজার
দি হিমালয় ড্রাগ কোম্পানী লিমিটেড
বিসিক শিল্পনগরী, জামালপুর।

(মো: হামিমুর রশীদ)
উপ-পরিচালক(ভারপ্রাপ্ত)
মহাপরিচালকের পক্ষে
মোবা: ০১৪০৪০৭২০২০
ই-মেইল:himu406@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/খুলনা/রাজশাহী/ময়মনসিংহ।
- ৩। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, জামালপুর/রাজবাড়ী/ চুয়াডাঙ্গা/নাটোর।
- ৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।